দৈনিক খবর

তারিখ ... ১ ... ১৯৯০ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

02

# পরীক্ষা পেছানোর দাবী না মানায়—

।। স্টাফ রিপোর্টার ।।

পরীক্ষা পিছানোর দাবী না মানায় বিক্ষুব্ধ একদল ছাত্র গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বিক্ষোভ প্রদর্শন ও তিনটি গাড়ী ভাঙচুর করেছে।

জানা গেছে, বিজ্ঞান অনুষদের কয়েকটি বিভাগের ছাত্র-ছাত্রীরা তাদের দ্বিতীয় বর্ষ সম্মান সমাপনী পরীক্ষা পিছানোর দাবীতে গতকাল ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল বের

শেষ পৃষ্ঠায় ২য় কলামে...

## পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

করে। কর্তৃপক্ষ তাদের দাবী বিবেচনা করায় মিছিলকারীরা টি এস সি ও কার্জন হল এলাকায় তিনটি গাড়ী ভাঙচুর করে।

### অনশন

এম এ শেষ পর্ব সনাতন বাংলা বিভাগে ভর্তির দাবীতে ভর্তি সংগ্রাম পরিষদের উদ্যোগে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘটের কর্মসূচী পালিত হয়েছে।

ধর্মঘট শেষে আয়োজিত এক সমাবেশ থেকে আজ উপাচার্যের কার্যালয়ের সামনে পূর্ণ দিবস অনশনের কর্মসূচী ঘোষণা করা হয়। সমাবেশে বক্তব্য রাখেন পল্লব সেন গুপ্ত, রেজিনা ও মিতু প্রমুখ।

এ প্রসঙ্গে এক বিবৃতিতে সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি অনুপম রায় ও সাধারণ সম্পাদক আলমগীর হোসেন বলেছেন, বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিভিন্ন কলেজ থেকে আগত এই ৭৭ জন ছাত্র-ছাত্রীর ভর্তি সংক্রান্ত বিভাগ ও হলের যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করা এবং বিশ্ববিদ্যালয়ে চার মাস ক্লাস করার পরও তাদের চূড়ান্ত ভর্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের খামখেয়ালিপূর্ণ টালবাহানা এই সব ছাত্র-ছাত্রীর শিক্ষা জীবনকেই অনিশ্চিত করে তুলেছে।